চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

১৬ এপ্রিল ২০১৮ খ্রি.

মোহরা ওয়ার্ড আওয়ামী লীগের জঙ্গিবাদ, চাঁদাবাজ,
সন্ত্রাস ও মাদক বিরোধী নাগরিক সমাবেশে মেয়র আ জ ম নাছির উদ্দীন

মাননীয় মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক নির্মূলে দল-মত নির্বিশেষে সকলকে ঐক্যবদ্ধ হতে হবে। আমাদের মধ্যে রাজনৈতিক বিভাজন থাকতে পারে, ধর্মীয় ভাবেও আমরা একেকজন এক এক ধর্মের অনুসারী হতে পারি। কিন্তু সমাজের শান্তি শৃংখলা ফিরিয়ে আনতে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদককে ঐক্যবদ্ধ ভাবে প্রতিহত করা ছাড়া কোন বিকল্প পথ নেই। জনমত তৈরি করা গেলে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক নির্মূল কোন দুরহ কাজ নয়। গত ১৫ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, বিকালে কাপ্তাই রাস্তার মাথা চত্বরে ৫নং মোহরা ওয়ার্ড আওয়ামী লীগের উদ্যোগে অনুষ্ঠিত জঙ্গিবাদ, চাঁদাবাজ, সন্ত্রাস ও মাদক বিরোধী নাগরিক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট ওয়ার্ড আওয়ামীলীগের সহ সভাপতি মো. নুরুল ইসলাম। মোহরা ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জনাব জসিম উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক বীরমুক্তিযোদ্ধা এম.রেজাউল করিম চৌধুরী, সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের মহিলা সম্পাদিকা জোবাইরা নার্গিস খাঁন, মোঃ ঈসা, মোঃ আবু তাহের মিয়া। সভায় আরো উপস্থিত ছিলেন পাঁচলাইশ ওয়ার্ড সভাপতি জামাল উদ্দিন, জামাল খান ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ মোরশেদুল আলম ও মোহরা ওয়ার্ড আওয়ামীলীগের নেতা হাবিবুর রহমান, সফিকুল ইসলাম সৌরভ, মহিলা সম্পাদিকা ফারজানা আক্তার, বিপ¬ব দেব লালু, শামশুল আলম, জাহাঙ্গীর সওদাগর, মোহরা ওয়ার্ড 'এ' ইউনিট সভাপতি আইয়ুব আলী দুলাল, সাধারণ সম্পাদক রফিক এলাহী, 'বি' ইউনিট সভাপতি সরওয়ার বাবুল, 'সি' ইউনিট সভাপতি আবুল হাসেম, ইমতিয়াজ চৌধুরী, অলিদ চৌধুরী, আবুল কালাম দুলাল, মেঝবাহ উদ্দিন লিটন, মোঃ রুবায়েত হোসেন, পিন্টু দে, সন্তোষ দাশ, জসিম কন্ট্রাক্টর, মামুন, ইলিয়াস উদ্দিন ইলু, শহিদ সরওয়ার হির“, আলী আকবর সওদাগর, আবুল কালাম, মহানগর যুবলীগের সদস্য বেলায়েত হোসেন বেলাল, নঈম উদ্দিন, ৪নং চান্দগাঁও ওয়ার্ড আওয়ামীলীগ নেতা খোরশেদুল আলম, কাজীর হাট ব্যবসায়ী সমিতির সভাপতি শাহাবুদ্দিন ও কাপ্তাই রাস্তার মাথা ব্যবসায়ী সমিতির সহ-সভাপতি রফিক কোম্পানী, ওয়ার্ড স্বেচ্ছাসেবকলীগ নেতা নুরুজ্জামান রিপন, আমির হোসেন খোকন, ওয়ার্ড যুবলীগ নেতা রাসেল, শিবলু, আলী আকবর, মোঃ জিয়া, মোঃ জাহাঙ্গীর হোসেন, নুরুল আব্বাস, মোঃ ইমরান, ফারুক, মহিউদ্দিন, এমরান, শ্রমিক নেতা হাসান, আলাউদ্দিন, মোহরা ওয়ার্ড ছাত্রলীগ নেতা অনুপ আচার্য্য, ইয়াছিন ও রাব্বীসহ অন্যরা। সভায় প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও সিটি মেয়র আরো বলেন, চাঁদাবাজ,

জঙ্গীবাজ, মাদক আসক্ত সন্ত্রাসীদের আওয়ামীলীগে কোন স্থান নেই। আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগ পরিচয় দিয়ে কেউ চাঁদাবাজী, সন্ত্রাসী ও মাদক ব্যবসা করিলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই বিষয়ে জিরো ট্রলারেন্স ঘোষণা দিয়েছেন সেক্ষেত্রে পুলিশ প্রশাসন অবশ্যই এ বিষয়ে আইনগত ব্যবস্থা নিবেন। নতুবা আমি নিজেই মাঠে নেমে চাঁদাবাজী, সন্ত্রাসী ও মাদকের বিরুদ্ধে অবস্থান নিবো। তিনি জনগণকে সন্ত্রাসী, মাদক ব্যবসায়ী ও চাঁদাবাজদের তালিকা প্রদানের অনুরোধ জানান।

১৬ এপ্রিল ২০১৮ খ্রি.

শিক্ষা ও স্বাস্থ্য সেবাকে দ্রুত আধুনিক ও যুগোপযুগি করা হবে
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪টি স্থায়ী কমিটির সভায় মেয়র

১৬ এপ্রিল ২০১৮ খ্রি. দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সম্মেলন কক্ষে ৪টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভায় সভাপতিত্ব করেন সম্মানিত কাউন্সিলর নাজমুল হক ডিউক, নারী ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি এম আশরাফুল আলম, সমাজ কল্যান বিষয়ক স্থায়ী কমিটর সভাপতি সম্মানিত কাউন্সিলর সলিম উল্লাহ বাচ্চু ও দারিদ্র হ্রাস করন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটর সভাপতি সম্মানিত কাউন্সিলর জহুরুল আলম জসিম। সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সম্মানিত কাউন্সিলর গিয়াস উদ্দিন, মাজহারুল ইসলাম, সালেহ আহমদ চৌধুরী, হাসান মুরাদ বিপ্লব, মোরশেদ আকতার চৌধুরী, মো. আজম, মিসেস আবিদা আজাদ, ফারহানা জাবেদ, ফারজানা পারভিন,লুৎফুন্নেসা দোভাষ বেবী, মনোয়ারা বেগম মনি, সদস্য সচিব মিসেস নাজিয়া শিরিন, পধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলি আকতার চৌধুরী, স্থপতি এ কে এম রেজাউল করিম, উপ সচিব আশেক রসুল চৌধুরী টিপু, মঈনুল হোসেন আলী জয়, জাইকার সিনিয়র বস্তি উন্নয়ন কর্মকর্তা সঞ্জিত কুমার দাশ প্রমূখ। সভায় শিক্ষা ও স্বাস্থ্য সেবাকে দ্রুত আধুনিক ও যুগোপযুগি করা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত স্কুল-কলেজের এমপিও ভুক্ত শিক্ষকদেরকে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে বদলির ব্যাপারে শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা, বদলি সংক্রান্ত বিষয়ে ‘যাচাই-বাছাই কমিটি’ গঠন, নগরীর কমিউনিটি সেন্টারসমূহের ডাটা সংগ্রহ,ল্যাকটেটিন মা’দের যাচাই বাছাই পূর্বক সঠিক তালিকা তৈরী এবং বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন সহ নানা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় মেয়র বলেন, স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য ৫ সদস্যের গঠিত কমিটি বদলির ব্যাপারে প্রাথমিক তালিকাভুক্ত এমপিও শিক্ষকদের অন্তর্ভূক্তিকরণ বিষয়ে তথ্য-উপাত্ত বিচার-বিশ্লেষন করবে। তালিকা শতভাগ বিচার-বিশ্লেষনপূর্বক এক মাসের মধ্যেই বদলি কার্যক্রম শুরু করা হবে বলে মেয়র আশাবাদ ব্যক্ত করেছেন। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, প্রতি বছর আমাদের শিক্ষা প্রতিষ্ঠানগুলো ভর্তুকি দিয়ে চালাতে হচ্ছে। গত অর্থ বছরে শিক্ষা খাতে প্রায় ৪৩ কোটি সাড়ে ৭৭ টাকা লাখ ভর্তুকি দিতে হয়েছে। নানা সীমাবদ্ধতার মধ্যেও নগরবাসীর শিক্ষা সেবা আমাদেরকে চালিয়ে যেতে হচ্ছে। নগরে যে পরিমাণ শিক্ষার্থীর চাপ রয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা না করলে কি অবস্থা হতো তা চিন্তাও করা যায় না। আমাদেরকে শিক্ষা প্রতিষ্ঠানও চালাতে হবে আবার ভর্তুকিও কমানোর যথাসাধ্য উদ্যোগ নিতে হবে। এ লক্ষ্যে সকল এমপিও বিহীন শিক্ষকদেরকে এমপিও ভুক্ত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। একই সাথে চসিকের এমপিও ভুক্ত শিক্ষকদেরকে স্ব স্ব প্রতিষ্ঠানে বদলির সিদ্ধান্তও গ্রহণ করা হয়েছে। কারণ

এমপিও বিহীন শিক্ষকরা এমপিওভুক্ত হলে এবং পুরোনো এমপিও’দেরকে স্ব স্ব প্রতিষ্ঠানে বদলি করা না হলে এমপিও নীতিমালার জন্য জটিলতা সৃষ্টি হতে পারে। তাই এমপিও ভুক্ত শিক্ষকদেরকে তাদের জয়েনিং প্লেস-এ বা যে প্রতিষ্ঠানের অনুকূলে এমপিওভুক্ত হয়েছেন সেখানে বদলি বা পদায়ন করার নির্দেশনা দেন। তিনি আরো বলেন, চলতি সপ্তাহের মধ্যেই কমিটি এমপিও শিক্ষকদের প্রাথমিক তালিকাভুক্তি বিচার-বিশ্লেষন করবে। কারো ব্যাপারে কোন ধরণের তথ্য-উপাত্তগত ক্রটি-বিচ্যুতি বা অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে সেক্ষেত্রে প্রাথমিক তালিকাটি পুনঃমূল্যায়ন করে নতুন তালিকা তৈরি করা হবে। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সকল স্থায়ী কমিটির সদস্যদের আন্তরিকতার সহিত দায়িত্ব পালনের পরামর্শ দেন। তিনি প্রত্যেকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালন করলে নিজের ও কর্পোরেশনের ভাবমূর্তি উচ্চ মাত্রায় পৌছাবে এবং জনগণের মধ্যে গ্রহণযোগ্যতা বাড়বে বলে আশাবাদ ব্যক্ত করেন।

১৬ এপ্রিল ২০১৮ খ্রি.

মাননীয় মেয়রের সাথে লায়ন গভর্নরের সৌজন্য সাক্ষাত

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে ১৬ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, সকালে নগরভবনে মেয়র দপ্তরে লায়ন জেলা বি-৪ - ৩১৫ গভর্নর মঞ্জুরুল আলম মঞ্জু ও হেডকোয়াটার রিজিউনাল চেয়ারম্যান লায়ন মোহাম্মদ আলী চৌধুরী সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় করেন। এ সময় তারা উভয়ে স্বার্থ সংক্রান্ত বিষয় ছাড়াও লায়ন সম্মেলনে যোগদান করার জন্য মেয়রকে আমন্ত্রন জানান। সাক্ষাতে প্যানেল মেয়র লায়ন চৌধুরী হাসান মাহমুদ হাসনী, ২৮নং ওয়ার্ড সম্মানিত কাউন্সিলর মো. আবদুল কাদের, সংরক্ষিত ওয়ার্ড সম্মানিত কাউন্সিলর আবিদা আজাদ, দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক ও জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম সহ অন্যরা উপস্থিত ছিলেন।

১৬ এপ্রিল ২০১৮ খ্রি.

মাননীয় মেয়রের সাথে ঘাট ও গুদাম শ্রমিক লীগ নেতৃবৃন্দের মতবিনিময়

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে ১৬ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, দুপুরে নগরভবনে মেয়র দপ্তরে ঘাট ও গুদাম শ্রমিক লীগ নেতৃবৃন্দ মতবিনিময় করেন। মতবিনিময়ে তারা মেয়রের নিকট ৯ দফা দাবী তুলে ধরেন। দাবীতে তারা মুজুরি বৃদ্ধি, মজবুত ঘাট তৈরি, স্বাস্থ্যকর বাসস্থান, বিশুদ্ধ পানি, টয়লেট ও গোসলখান, ফ্রি চিকিৎসা, নিয়োগপত্র প্রদান, কর্মক্ষেত্রে পঙ্গুত্ব করণের জন্য ২ লক্ষ টাকা অনুদান এবং মৃত্যুজনিত কারণে ৫ লক্ষ টাকা অনুদানের কথা উল্লেখ করেন। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, গঠিত চার্জ কমিটি ২ মে এর মধ্যে তথ্য উপাত্ত সংগ্রহের কাজ সমাপ্ত করা ও রমজানের মধ্যে দাবী নিষ্পত্তির আশ্বাস দেন। মতবিনিময়ের সময় সদরঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজাম উদ্দিন, লাইটারেজ মালিক সমিতির সভাপতি আলহাজ্ব শফি আহমেদ, সম্মানিত কাউন্সিলর মো. আবদুল কাদের, জাতীয় শ্রমিক লীগের যুগ্ম সম্পাদক সফর আলী, মহানগর শ্রমিক লীগের সভাপতি বখতিয়ার উদ্দিন খান, পাহাড়তলী অঞ্চলের সভাপতি শফি বাঙালি, ঘাট ও গুদাম শ্রমিক লীগের সভাপতি ইদ্রিস আলী হাওলাদার, সাধারণ সম্পাদক নাছির উদ্দিন পলাশ, সহ

সভাপতি মো. কবির ও মো. মিটুন শেখ, যুগ্ম সম্পাদক মো. মুনির, সাংগঠনিক সম্পাদক মো. জুয়েল সিকদার, অর্থ সম্পাদক মো. ইয়ার উদ্দিন হাওলাদার প্রমুখ উপস্থিত ছিলেন।

১৬ এপ্রিল ২০১৮ খ্রি.

মাননীয় মেয়রের সাথে সৌদি আরবের
বাদশা ফাহাদ মসজিদের খতিবের সৌজন্য সাক্ষাত

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে ১৬ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, সকালে নগরভবনে তাঁর দপ্তরে সৌদি আরবের বাদশা ফাহাদ মসজিদের ইমাম ও খতিব এবং আল মোনাহিল ওয়েলফেয়ার ফাউন্ডেশন সদস্য, আল মোনাহিল ওয়েলফেয়ার ফাউন্ডেশনের চেয়ারম্যান হেলাল উদ্দিন, সদস্য হাফেজ সিয়াব উদ্দিন, তারি আবদুল মুমিন সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সাক্ষাতকালে মেয়র আ জ ম নাছির উদ্দীন আল মোনাহিল ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে চট্টগ্রামে মসজিদ, মাদ্রাসায়ও সুপেয় পানির জন্য ডিপটিউব ওয়েল স্থাপনের জন্য অনুরোধ করেন। সৌদি আরবের বাদশা ফাহাদ মসজিদের ইমাম ও খতিব এবং আল মোনাহিল ওয়েলফেয়ার ফাউন্ডেশনের সদস্য চট্টগ্রামে চলমান প্রকল্পের সাথে সিটি মেয়র প্রস্তাবিত নতুন মসজিদ, মাদ্রাসা ও সুপেয় পানির জন্য ডিপটিউবওয়েল স্থাপনে একমত পোষন করেন। এ সময় শ্রমিক নেতা সফর আলী, প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, চেম্বার পরিচালক মো. অহিদ সিরাজ চৌধুরী স্বপন, সম্মানিত কাউন্সিলর এইচ এম সোহেল ও জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিমসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

১৬ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মোবাইল কোর্ট অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এর নেতৃত্বে ১৫ এপ্রিল ২০১৮ খ্রি. সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর কেসিদে রোডে ফুটপাত ও নালার জায়গা অবৈধভাবে দখল করে দোকানের অংশ বর্ধিত করা এবং মালামাল রেখে জনদূর্ভোগ সৃষ্টির দায়ে বেক এন ফাস্টকে ১০ হাজার টাকা, পুরবী সুইটসকে ৫ হাজার টাকা, শুলকবহর এশিয়ান হাউওয়ে এলাকার দি নিউ কোয়ালিটি টিম্বারকে ৫ হাজার টাকা, মেসার্স খান টিম্বারকে ৫ হাজার টাকা,মেসার্স হারুন ব্রাদার্সকে ৫ হাজার টাকা,আনোয়ারা ট্রেডিং কর্পোরেশনকে ৫ হাজার টাকা জে এন্ড ডোর ফার্নিচারকে ৫ হাজার টাকা, রাব্বি ফার্নিচার গ্যালারিকে ৫ হাজার টাকা ও তানিন বেষ্ট ওয়ারকে ৫ হাজার টাকা সহ সর্বমোট ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।
অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

১৬ এপ্রিল ২০১৮খ্রি.

চট্টগ্রাম থেকে মুজিবনগর গেল ১৩ সদস্যের প্রতিনিধিদল-
বিদায় দিলেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

মুজিবনগর দিবস উপলক্ষে মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের ৫শত শিক্ষার্থী ও প্রিন্সিপালকে সংবর্ধনা প্রদান এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অসমাপ্ত আত্মজীবনী বিতরণ করার লক্ষে বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতা স্মৃতি পরিষদের একটি প্রতিনিধি দল ১৬ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার বিকেলে নগরভবন চত্বর থেকে মেহেরপুর জেলার মুজিবনগর স্মৃতি সৌধের উদ্দেশ্যে রওনা দিয়েছে। প্রতিনিধি দলকে বিদায় দেন মাননীয় মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন। প্রতিনিধি দলে সংগঠনের সাধারণ সম্পাদক মো. আবদুর রহিম, সহ সভাপতি ডা. মো. জামালউদ্দিন, জাবেদুল ইসলাম সিপন, মোহাম্মদ সেলিম, সাংগঠনিক সম্পাদক মো. আসিফ ইকবাল, সমাজসেবা সম্পাদক মো. শহীদুল ইসলাম সুমন, গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক এস এম হুমায়ুন কবির আজাদ, উপ সাংগঠনিক সম্পাদক সাখাওয়াত হোসেন সওকত, উপগ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক রাশেদ মাহমুদ পিয়াস, উপ সমাজসেবা সম্পাদক মো. আজিম উদ্দিন, উপ পাঠাগার সম্পাদক সোহেল তাজ ও শিল্প ও বাণিজ্য সম্পাদক গোলাম মোস্তফা।

প্রতিনিধি দলকে বিদায় দেয়ার সময় মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, মুজিবনগরে গঠিত সরকার মহানমুক্তিযুদ্ধ পরিচালনার মাধ্যমে দেশকে শত্রæমুক্ত করে। ইতিহাসে মুজিবনগর সরকারের গুরুত্ব ও সরকারের অবদান জাতি চিরদিন স্মরণে রাখবে। তিনি মুজিবনগর সরকারের চার জাতীয় নেতার প্রতি শ্রদ্ধা নিবেদন করে তাদের অবদান প্রজন্ম পরম্পরায় অবগত করতে বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতা স্মৃতি পরিষদের প্রতি আহবান জানান।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন